

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবর্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৮ অক্টোবর ২০২০ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৮৮.১৫(অংশ-১)-১২৫১—যেহেতু, জনাব মোঃ রংকুনজ্জামান,  
পিতা-মৃত ওবায়দুল্লাহ, সাং-সাতপোয়া, থানা-সরিয়াবাড়ী, জামালপুর, জামালপুর জেলাধীন সরিয়াবাড়ী  
পৌরসভার মেয়র; এবং

যেহেতু, জনাব মোঃ রংকুনজ্জামান, মেয়র, সরিয়াবাড়ী পৌরসভা সরিয়াবাড়ী থানার মামলা  
নং-৩(৮)২০ এবং সাইবার ট্রাইব্যুনাল মামলা নং-২৮৯/২০২০ একমাত্র আসামী;

যেহেতু, সরিয়াবাড়ী থানার মামলা নং-৩(৮)২০ এবং সাইবার ট্রাইব্যুনাল মামলা  
নং-২৮৯/২০২০ তদন্ত শেষে মেয়র, সরিয়াবাড়ী পৌরসভা এর বিরুদ্ধে অভিযোগপত্র নং ১৫৮ ধারা  
ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ২৫(২)/২৯(২)/৩১(২) আদালতে দাখিল করা হয়েছে এবং  
আদালত কর্তৃক চার্জশীট গৃহীত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারা অনুযায়ী, “যেক্ষেত্রে কোন  
পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার  
বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত  
কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার ঘার্থের পরিপন্থী অথবা  
প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে  
সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে”।

(১১৩২৭)  
মূল্য : টাকা ৪.০০

যেহেতু, জনাব মোঃ রঞ্জনুজ্জামান, মেয়র, সরিষাবাড়ী পৌরসভা এর বিরচন্দে উক্ত মামলার চার্জশৈট আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং তার বিরচন্দে ওয়ারেন্ট ইস্যু হওয়ায় এবং তিনি দীর্ঘদিন অনুপস্থিত থাকায় পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিক পৌর সেবা হতে বাধিত হচ্ছে যা পৌরসভার স্বার্থের পরিপন্থী ও প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় তাঁকে পৌর মেয়র এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা যুক্তিযুক্ত;

সেহেতু, জনাব মোঃ রঞ্জনুজ্জামান, মেয়র, সরিষাবাড়ী পৌরসভা, জামালপুর-কে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ উপ-ধারা (১) প্রদত্ত ক্ষমতাবলে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

ফারজানা মান্নান  
উপসচিব।